মেহেরপুরে ১৫ পিস ইয়াবাসহ রানা গ্রেফতার

মেহেরপুর সদর থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ১৫ পিস ইয়াবা সহ আশিকুজ্জামান রানা নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে।

বৃহস্পতিবার বিকালের দিকে মেহেরপুর শহরের ৭ নং ওয়ার্ড মল্লিকপাড়া থেকে তাকে গ্রেফতার করে পুলিশ। আশিকুজ্জামান রানা মেহেরপুর শহরের মল্লিক পাড়া এলাকার আব্দুল মোতালেবের ছেলে।

জানা গেছে গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) শাহদারা খানের নির্দেশনায় এএসআই কহেতুর এর নেতৃত্বে এএসআই শাকিলসহ সঙ্গীয় ফোর্স নিয়ে মেহেরপুর শহরের মল্লিকপাড়া কবি নজরুল শিক্ষা মঞ্জিল এর সামনে আশিকুজ্জামান রানার বাড়ী থেকে আটক করে। এসময় তার কাছ থেকে ১৫ পিস ইয়াবা উদ্ধার করা হয়।

মেহেরপুর সদর থানার ওসি শাহদারা বলেন গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারি রানা তার বাড়ি থেকে মাদক পাচার করে। সে মতে বিকেলে তার বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেছি। বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

ঝিনাইদহের মোবারকগঞ্জ চিনিকল রক্ষায় নানামূখী উদ্যোগ

ঝিনাইদহের কালীগঞ্জের মোবারকগঞ্জ চিনি কলটি রক্ষায় প্রশংসনীয় উদ্যোগ গ্রহনের ফলে লোকসানের পরিমান কমতে শুরু করেছে। এই উদ্যোগ গ্রহনে মিলটির শ্রমিকদের উৎসাহ যুগিয়েছেন স্থানীয় সাংসদ আনোয়ারুল আজীম আনার। দেশের এই চিনি কলটির শ্রমিক ও আখ চাষীরা যেমন তাদের বকেয়া বুঝে পাচ্ছেন, তেমনি লোকসানের হাত থেকে রক্ষা

হয়েছে।
মোচিকের ব্যবস্থাপনা পরিচালক রফিকুর রহমান বলছেন, চিনিশিল্পের নিয়মনীতি মেনেই এসব করা হয়ে থাকে। কর্পোরেশনের নিয়ম রয়েছে কোন জমি ফাকা রাখা যাবে না। পতিত জমি থাকলে সেটা থেকে আয়ের উৎসহ বের করতে হবে। যে কারনে জমি গুলি স্থানীয় কৃষকদের মধ্যে লিজ দিয়ে আর্থিক সুবিধা গ্রহন করে থাকে চিনিকলটি।

ঝিনাইদহে বজ্রপাত প্রতিরোধে তালবীজ রোপণ

পরিবেশের ভারসাম্য রক্ষা ও বজ্রপাত প্রতিরোধে ঝিনাইদহে তালবীজ রোপন কর্মসূচীর উদ্বোধন করা হয়েছে।
বৃহস্পতিবার সকালে সদর উপজেলার কুমড়াবাড়ীয়া ইউনিয়ন পরিষদ মিলনায়তনে এ উপলক্ষে আলোচনা সভার আয়োজন করে ‘এসো দেশ গড়ি জহির রায়হান গ্রন্থাগার’।
কুমড়াবাড়ীয়া ইউনিয়নের চেয়ারম্যান আশরাফুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা ইমদাদুল হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বন কর্মকর্তা সিরাজুল ইসলাম, ঝিনাইদহ প্রেসক্লাবের সহ-সভাপতি ফয়সাল আহমেদ, উদ্ভিদ সংরক্ষন কর্মকর্তা খাইরুল ইসলাম। অনুষ্ঠানের সার্বিক তত্বাবধানে ছিলেন ‘এসো দেশ গড়ি জহির রায়হান গ্রন্থাগারের প্রতিষ্ঠাতা পরিচালক জহির রায়হান। অনুষ্ঠান পরিচালনা করেন প্রভাষক সাখাওয়াত হোসেন।
আলোচনা সভা শেষে ইউনিয়ন পরিষদ চত্বরে তালবীজ রোপনের উদ্বোধন করা হয়। পরে দিনব্যাপী ইউনিয়নের বিভিন্ন গ্রাম, মাঠ, নদীর ধারে ৪ হাজার তালবীজ রোপন করা হয়।

গাংনীর তারিন আঁকবেন বঙ্গন্ধুর হাজার ছবি

ভালবাসায় আবেগ আপ্লুত হয়ে হৃদয়ের শে^ত পর্দায় মনের মাধুরী দিয়ে আঁকা যায় প্রিয়জনের মুখচ্ছবি। আবার তার বহিঃপ্রকাশও ঘটানো যায় রঙতুলি দিয়ে। এমনি এক ভালবাসার প্রতিচ্ছবির বহিঃপ্রকাশ ঘটিয়েছেন মেহেরপুরের গাংনী উপজেলার বেতবাড়িয়া গ্রামের মশিউর রহমানের মেয়ে তারিন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে ভালোবেসে মুজিববর্ষে এঁকেছেন তাঁর শত ছবি। শুধু রঙ তুলি আর সুঁই সুতায় নয় , ইপিল ইপিল গাছের পাতা ও ফুলের রস দিয়েও এঁকেছেন । বঙ্গবন্ধুর গৌরবজ্জল চেতনা নতুন প্রজন্মের মধ্যে ছড়িয়ে দিতেই তার এই প্রচেষ্টা বলে জানান তিনি। চোখ বন্ধ করেও বঙ্গবন্ধুর ছবি আকার চেষ্টা করছেন । তার স্বপ্ন বাস্তবায়নে সহযোগিতার আশ্বাস দেন মেহেরপুর জেলা প্রশাসন।
জানা গেছে, সেই বাল্য কাল থেকেই তারিনের ছবি আঁকার প্রবল বাসনা। স্কুল কলেজে নানা অনুষ্ঠানে রয়েছে তার স্বরব উপস্থিতি। চারু কলা ইন্সটিটিউটের শিক্ষার্থী না হয়েও বিভিন্ন পশু পাখি ফল মূল আর কবি সাহিত্যিকের ছবি এঁকে প্রশংশা কুড়িয়েছেন। সেই সাথে পেয়েছেন নানা সম্মাননা। পেন্সিল, রং তুলি ফলের রস আর গাছের পাতা দিয়ে মনের মাঝে উঁকি দেয়া মানুষের অয়োবয় এঁকেছেন মনের মাধুরী দিয়ে। এজন্য তার সহপাঠিরা নাম দেয় চারু তারিন। খ্যাতনামা ব্যাক্তিদের ভিন্ন ভিন্ন ভঙ্গির ছবি এঁকেছেন। সব শেষে এঁকেছেন বঙ্গবন্ধুর ছবি। মুজিব শতবর্ষে রং তুলি দিয়ে ১০০টি, পরে সুঁই সুতা দিয়ে ১০১টি ছবি আঁ◌েকন। এবং এখন ইপিল ইপিল গাছের পাতা ও ফুলের রস দিয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতি আঁকা শুরু করেছেন। বঙ্গবন্ধুর আদর্শকে বুকে ধারণ করেই গৌরবজ্জ্বল চেতনা নতুন প্রজন্মের মধ্যে ছড়িয়ে দিতেই তার এই প্রচেষ্ঠা বলে জানিয়েছেন তারিন। তিনি বলেন, বঙ্গবন্ধুর এক হাজার ছবি প্রদর্শনী করার ইচ্ছে আছে তার। এবং তার আঁকা বঙ্গবন্ধুর ছবি প্রদর্শনীর উদ্বোধনটি করাতে চান প্রধানমন্ত্রী শেখ হসিনাকে দিয়েই। তাহলে তারিনের স্বপ্ন পূরণ হবে বলে প্রত্যয় ব্যক্ত করেন তিনি। তিনি বঙ্গবন্ধুর এক হাজার ছবি আঁকতে শুরু করেছেন।

তারিন জানান, ইতিমধ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জন প্রশাসন প্রতিমন্ত্রী, খুলনা বিভাগীয় কমিশনার, ডিআইজি খুলনা, মেহেরপুর জেলা প্রশাসক ও পুলিশ সুপারসহ শতাধিক মুজিব প্রেমির হাতে মুজিববষের উপহার হিসেবে তুলে দিয়েছেন তার আঁকা বঙ্গবন্ধুর নানা আঙ্গিকের ছবি। তাঁর আঁকা বঙ্গবন্ধুর ছবি দু’বাংলায় বিনামূল্যে ১০৫ টি বইয়ের প্রচ্ছদ হিসেবেও ছাপা হয়েছে। এখন চোখ বন্ধ করে বঙ্গবন্ধুকে আঁকার চেষ্টা করছেন তারিন। মেহেরপুর জেলার অনেকেই ছবি আঁকা শিখতে আসেন।
তারিনের মা জাহানারা বেগম বলেন, মেয়ে নানা প্রতিভার অধিকারী হলেও সে বঙ্গবন্ধুর ছবি আঁকতে সবচেয়ে বেশি ভালোবাসে। বঙ্গবন্ধুর জীবনাদর্শ তার কাছে সেরা। আমরা তাকে নিয়ে গর্ব বোধ করি।
ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকারু বিভাগের সাবেক শিক্ষার্থী বীর মুক্তিযোদ্ধা গোলাম মস্তফা বলেন, তারিন অনেক ভাল ছবি আঁকেন। তার মধ্যে রয়েছে দারুন প্রতিভা। তার আঁকা ছবি বিভিন্ন মহলে প্রসংশিত হচ্ছে। আমি একজন শিল্পী হিসেবে মনে করি এসব প্রতিভাকে আরো বিকোশিত করতে উপযুক্ত সহযোগীতা,পরিবেশ ও পৃষ্ঠপোষকতা প্রয়োজন। আমি একজন বীর মুক্তিযোদ্ধা হিসেবে বঙ্গবন্ধুর প্রতি যে প্রেম তারিন দেখিয়েছে তা মুল্যায়নের মত। এছাড়াও চোখ বন্ধ করে বঙ্গবন্ধুর ছবি আঁকার চেষ্টা সফল হবে এর জন্য দোয়া করি তারিন একজন উঁচু মানের শিল্পী হয়ে উঠবে।
বঙ্গবন্ধুর প্রতি তারিনের এই ভালোবাসার বিরল দৃষ্টান্তের প্রশংসা করেন মেহেরপুরের জেলা প্রশাসক ড. মোহাম্মদ মনসুর আলম খান। তারিনের স্বপ্ন বাস্তবায়ন করতে জেলা প্রশাসন সহযোগিতা করার আশ্বাস দেন তিনি।

মেহেরপুরে গন্ধগোকুল উদ্ধার

মেহেরপুরে বিপন্ন প্রজাতির একটি গন্ধগোকুল উদ্ধার করা হয়েছে। বৃহস্পতিবার সকালে শহরের বাসষ্ট্যান্ড এলাকায় একটি পরিত্যাক্ত টাংকি থেকে গন্ধগোকুলটি উদ্ধার করা হয়। গন্ধগোকুলটি শহরের জেআর কাউন্টার এলাকার একটি বাড়ির পরিত্যক্ত টাংকিতে পড়ে থাকতে দেখে স্থানীয়রা বন বিভাগ কর্মকর্তাকে খবর দেয়। পরে বন বিভাগের লোকজন প্রাণীটিকে উদ্ধার করে নিয়ে যায়। এসময় বন বিভাগ

ইউপি চেয়ারম্যান নজরুল বিরুদ্ধে টাকা আত্মসাতের অভিযোগ

ঝিনাইদহের শৈলকূপায় অতি দরিদ্রদের জন্য ২০২০-২১ অর্থ বছরে কর্মসৃজন কর্মসূচির টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে। টাকা না পেয়ে বিক্ষুব্ধ শ্রমিকেরা বুধবার উপজেলা নির্বাহীর কাছে অভিযোগ দেন। উপজেলা নির্বাহী ঘটনা সুষ্ঠু বিচার করার আশ্বাস দিলে শ্রমিকেরা আবেদন দিয়ে অফিস ত্যাগ করেন। তবে বিষয়টি নিয়ে চেয়ারম্যান ও মেম্বারদের মধ্যে পরস্পর বিরোধী বক্তব্য পাওয়া গেছে।

এ ব্যাপারে পিআইসি বগুড়া ইউনিয়নের ৮নং ওয়ার্ডের ইউপি সদস্য আব্দুস সামাদ মিন্টু জানান, নিয়ম রয়েছে ১ম ও ২য় ধাপে ৪০দিন করে মোট ৮০ দিন কাজ করবে ১৫৪ জন শ্রমিক। কিন্তু সেখানে ৭২ থেকে ৭৫ জন শ্রমিক দিয়ে কাজ করানো হয়। শ্রমিকরা ১০ দিন কাজ করার পর ১৫০০ টাকা পাওয়ার কথা এবং এই টাকা শ্রমিকরা চেকের মাধ্যমে নিজেরায় ব্যাংক থেকে উঠানোর নিয়ম রয়েছে।

কিন্তু চেয়ারম্যান নজরুল ইসলাম নিজে গিয়ে ব্যাংক থেকে টাকা উঠিয়ে তার মন মত করে শ্রমিকদের কাউকে ১২০০ আবার কাউকে ১৩০০ টাকা দিয়ে থাকেন। আর শ্রমিকদের সঞ্চয় হিসাবে ব্যাংকে বাকি থাকে প্রতিদিন ৫০ টাকা করে। এই টাকাগুলো শ্রমিকেরা নিজেরাই এককালীন উঠিয়ে নেবে। অথচ বাকি এই সঞ্চয়ের টাকাসহ চেয়ারম্যান সমুদয় টাকা উঠিয়ে নিয়ে আত্মসাৎ করেছেন।
তবে বগুড়া ইউপি চেয়ারম্যান নজরুল ইসলাম বিশ্বাস তার বিরুদ্ধে ওঠা অভিযোগ অস্বীকার করে জানান, এই টাকা আমি উঠায়নি। সংশ্লিষ্ট পিআইসিরা উঠিয়ে নিয়েছে। ঘটনাটি সম্পর্কে উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজা জানান, শ্রমিকরা একটি অভিযোগ করেছে। সেটি তদন্ত করার নির্দেশ দিয়েছি। তদন্ত রিপোর্ট আসার পর

বুঝা যাবে কে এই টাকা উঠিয়ে নিয়েছে।
Attachments area

মেহেরপুরে মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটি বাতিলের দাবিতে সংবাদ সম্মেলন

মেহেরপুর সদর উপজেলার মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটি বাতিলের দাবিতে সংবাদ সম্মেলন করেছেন মুক্তিযোদ্ধারা।
বুধবার সকালে মেহেরপুর জেলা প্রেস ক্লাবে বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অবঃ) আব্দুল মালেক এর নেতৃত্বে মুক্তিযোদ্ধারা এ সংবাদ সম্মেলন করেন।
সংবাদ সম্মেলনে মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অবঃ) আব্দুল মালেক বলেন, জামুকার ১৮/০৪/১৯ ইং এবং মেহেরপুর জেলা প্রশাসক অফিসের ১৩/০৯/১৯ ইং তারিখের স্মারকে উদ্ধৃতি দিয়ে সদর উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটির সভাপতি হিসেবে হুমায়ন কবিরকে নিয়োগ দেওয়া হয়।
কিন্তু জামুকার ১৮/০৪/১৯ ইং তারিখের স্মারকে মুক্তিযোদ্ধা হুমায়ুন কবিরের নাম ছিলনা। গত ৩০ জানুয়ারি ২১ ইং তারিখে গেজেটভুক্ত মুক্তিযোদ্ধা যাচাই-বাছাইয়ের জন্য যে তালিকা প্রকাশ করা হয়েছিল সেখানে দুইবার যাচাই-বাছাইয়ের জন্য মুক্তিযোদ্ধা হুমায়ুন কবিরের নাম এসেছিল। কিন্তু পরের বার মুক্তিযোদ্ধা হুমায়ুন কবিরের নাম বাদ যায়। আশ্চর্যজনকভাবে ওই বিতর্কিত মানুষটিকে আবার যাচাই বাছাই কমিটির সভাপতি করা হলো। ভারতীয় তালিকা উপেক্ষা করে সন্দেহযুক্ত লাল মুক্তিবার্তার উপর ভর করে তিনি কার তদবিরে সভাপতি হিসাবে নিয়োগ পেলেন? এখানে প্রথমে নাম এসেছিল মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলামের কিন্তু রাতারাতি নাম বদল করে কোন যোগ্যতার বলে মুক্তিযোদ্ধা হুমায়ুন কবিরকে সভাপতি বানানো হলো?
তিনি বলেন, মুজিবনগর ও গাংনী উপজেলায় ২০১৭ সালে যাচাই বাছাই শেষ হয়েছে। কিন্তু কার স্বার্থে, কোন উদ্দেশ্যে প্রায় চার বছর পর

আবার মেহেরপুর সদর উপজেলায় যাচাই বাছাই শুরু হলো এ প্রশ্ন রাখেন তিনি।
গত ২০ সেপ্টেম্বর সোমবার রাতে আমি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার (জেলা প্রশাসক) কাছে জানতে চেয়েছিলাম এই কমিটি কোন প্রক্রিয়ায় করা হয়েছে। তিনি উত্তর দেন, নিয়ম মেনে করা হয়েছে।
এসব অসঙ্গতিগুলোকে নিয়ে আমি সদস্য সচিব ইউএনও কে যখন বলি, তখন তিনি আমাকে উত্তর দিলেন আমার কিছু করার নেই।
তিনি বলেন, মুক্তিযোদ্ধাদের প্রধান পৃষ্ঠপোষক মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা। বীর মুক্তিযোদ্ধাদের মন্ত্রণালয় আছে, জামুকা আছে, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল আছে, তাই স্থানীয় নেতাদের মুক্তিযোদ্ধাদের উপর খবরদারির কোন প্রয়োজন নেই। আপনারা তো সাবেক হয়ে যাবেন কিন্তু মুক্তিযোদ্ধারা কোনদিন সাবেক হবে না। চর দখলের মত মুক্তিযোদ্ধাদের দখলের চেষ্টা করবেন না। অচিরেই এই কমিটির বাতিল করে যোগ্য মুক্তিযোদ্ধাকে সভাপতি করে যাচাই বাছাইয়ের দাবি করেন তিনি।
সংবাদ সম্মেলনে মুক্তিযোদ্ধা উজির আলী, আনোয়ার হোসেন, সেলিম আক্তার, আবুল হোসেন, আহাদ আলী, আফজাল হোসেন, শুকুর আলী, জালাল উদ্দিন, আবু তাহের, নাজিম উদ্দিন, মিনহাজ উদ্দিন, সুলতান আহমেদ, মুসা করিম, কাসিদুল ইসলাম, বজলুল হক, সিরাজুল ইসলাম, তৌফিক আলী, আঃ লতিফ, ইঞ্জিঃ নুরুল ইসলাম, মোফাজ্জেল হোসেন মাস্টার, সিনিঃ ওয়ারেন্ট অফিসার চাঁদ আলী (অবঃ), খোরশেদ আলম প্রমুখ উপস্থিত ছিলেন।
মেহেরপুরের জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান বলেন, সদর উপজেলার মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটি আমার নির্দেশনাতেই হয়েছে। আমি যতটুকু জানি নীতিমালা মেনেই এটি করা হয়েছে। তারপরও যদি ব্যত্যয় হয়ে থাকে সেটি দেখা হবে।

হরিনাকুন্ডু’র রেসিডো

ক্লিনিকে সিজারের পর নবজাতকের মৃত্যু

ঝিনাইদহের হরিনাকুন্ডু উপজেলার রেসিডো ক্লিনিকে সিজারের পর নবজাতকের মৃত্যু হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে।
জানা যায় মঙ্গলবার বিকালে উপজেলার ভবানীপুর গ্রামের মজনু মিয়ার মেয়ে মহিমা খাতুন প্রসব বেদনা নিয়ে হরিনাকুন্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হয়, কিন্তু সেখানে নরমাল ডেলিভারি না হওয়ায় এবং কোন সার্জিক্যাল ডাক্তার না থাকায় একজন নার্স তাকে দ্রুত ক্লিনিকে গিয়ে সিজার করার পরামর্শ দেয়। সে সময় উপায়ান্তর না পেয়ে রোগীর স্বজনরা তাকে স্থানীয় রেসিডো ক্লিনিকে ভর্তি করে। রেসিডো ক্লিনিকে ডাঃ আলমগীর হোসেনের তত্বাবধানে রোগীকে সিজার করা হয়। সিজারের পর দেখা যায় নবজাতকের হেড ডেমারেজ হয়েছে তখন বাচ্চাটিকে দ্রুত ঝিনাইদহের শিশু বিশেষজ্ঞ ডা. অলক বাবুর কাছে দেখানোর জন্য পরামর্শ দেয়। তখন নবজাতক শিশুকে ঝিনাইদহ নেওয়ার পথে মারা যায় বলে স্বজনরা জানান।
এবিষয়ে রেসিডো ক্লিনিকের মালিক এম এ জামান কুসুম বলেন রোগী বাড়ি থেকে হাসপাতালে আসতে অনেক দেরি করে ফেলে। বাচ্চা এবং মায়ের সংকটাপন্ন অবস্থায় আমরা অপারেশন করি, পরে মা বাচানো সম্ভব হলেও বাচ্চাকে বাঁচানো সম্ভব হয়নি।
এবিষয়ে অপারেশনকারী ডা. আলমগীর হোসেন বলেন অপারেশেনের সময় অবস্ট্রাকটেড লেবার দেখা দেওয়ায় বাচ্চা ডেলিভারী নরমাল ছিল না সে কারনে বাচ্চা মারা গেছে। তবে প্রসূতি বর্তমানে সুস্থ আছে। এবিষয়ে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডা. জামিনুর রশিদ বলেন হাসপাতালে ভর্তি এবং চলে যাওয়া কোন কিছু সম্পর্কেই আমি জানি না, আমি এই প্রথম শুনলাম তবে ডা. আলমগীর আমার হাসপাতালের ডাক্তার নয়। তিনি খুলনা মেডিকেল কলেজে সার্জারির উপরে ডিপ্লোমা করছেন বলে জানি। ভুক্তভোগী রোগীর স্বজনরা বলেন আমরা সরকারি হাসপাতালে চিকিৎসা না পেয়ে ক্লিনিকে যেতে বাধ্য হয়। ডাক্তার আলমগীর সার্জারীর বিশেষজ্ঞ ডাক্তার না হয়ে অর্থের লোভে এমন বড় বড় অপারেশন করে থাকেন, তার বিরুদ্ধে এর আগেও অন্য একটি ক্লিনিকে রোগী মৃত্যুর ঘটনা আছে। তাছাড়া ক্লিনিকটি যথাযথ আইন মেনে পরিচালিত হয় না এখানে কোন আবাসিক ডাক্তার নেই, নেই কোন প্রশিক্ষিত নার্স। এমন মৃত্যুর ঘটনা মাঝে মাঝে ঘটে। এভাবেই দিনের পর দিন চলছে হরিণাকুণ্ডুসহ ঝিনাইদহের বিভিন্ন বে-সরকারী হাসপাতাল

ক্লিনিকগুলো।
এলাকাবাসীর দাবি হরিনাকুন্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একজন অভিজ্ঞ সার্জন নিয়োগ দিলে এলাকাবাসী উপকৃত হয়।

ঝিনাইদহে কমিউনিটি ও বিট পুলিশিং সমাবেশ

মুজিববর্ষের মুলমন্ত্র-কমিউনিটি পুলিশিং সর্বত্র’ এ শ্লোগানকে সামনে রেখে মহাসড়কে শৃঙ্খলা রক্ষা ও চুরি, ডাকাতি, ছিনতাই ও চাঁদাবাজি প্রতিরোধে ঝিনাইদহে কমিউনিটি ও বিট পুলিশিং সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।
বুধবার দুপুরে শহরের কেন্দ্রীয় বাস টার্মিনাল এলাকায় এ সমাবেশের আয়োজন করে আরাপপুর হাইওয়ে থানা পুলিশ।
হাইওয়ে পুলিশের পরিদর্শক বজলুর রশিদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাইওয়ে পুলিশের মাদারীপুর রিজিওনের পুলিশ সুপার হামিদুল আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বাস-মিনিবাস মালিক সমিতির সাবেক সভাপতি রোকনুজ্জামান রানু, জেলা ট্রাফিক ইন্সপেক্টর সালাহউদ্দিন, শৈলকুপার উমেদপুর ইউনিয়নের চেয়ারম্যান সাব্দার হোসেন মোল্লা, জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক শফিকুল ইসলাম শিমুল, শ্রমিক নেতা ওয়ালিউর রহমান, জেলা চালকল মালিক সমিতির সভাপতি মোয়াজ্জেম হোসেন, ব্যবসায়ী টিপু সুলতান। অনুষ্ঠানে সদর ও শৈলকুপা উপজেলা থেকে আগত কমিউনিটি পুলিশের সদস্য, চালক, হেলপারসহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন। বক্তারা, ঝিনাইদহের বিভিন্ন মহাসড়কে মাদক-চোরাচালান, সড়ক দুর্ঘটনা, ডাকাতি, ছিনতাই রোধসহ শৃঙ্খলা ফেরাতে হাইওয়ে পুলিশকে সহযোগিতা করার আহ্বান জানান।

ঝিনাইদহে দরিদ্র কৃষকদের মাঝে বিনামুল্যে সার ও বীজ বিতরণ

ঝিনাইদহে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামুল্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে। বুধবার দুপুরে সদর উপজেলা পরিষদ চত্বরে উপজেলা কৃষি অফিসের আয়োজনে এ সার ও বীজ বিতরণ করা হয়। এসময় সদর উপজেলার বিভিন্ন গ্রামের ক্ষুদ্র কৃষকদের মাঝে সার-বীজ তুলে দেন প্রধান অতিথি জেলা প্রশাসক মজিবর রহমান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সদর উপজেলা চেয়ারম্যান এ্যাড. আব্দুর রশিদ, উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন, সদর থানার ওসি শেখ মো: সোহেল রানা, ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, মহিলা ভাইস চেয়ারম্যান আরতি দত্ত কৃষি কর্মকর্তা জাহিদুল করিম, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা ইমদাদুল হাসান, ইউপি চেয়ারম্যান পারভেজ মাসুদ লিল্টনসহ অন্যান্যরা।
আয়োজকরা জানান, চলতি অর্থবছরে খরিপ-২ মৌসুমে মাসকলাই আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য সদর উপজেলার ২’শ ১৫ জন কৃষকের প্রত্যেককে ৫ কেজি বীজ ও ১৫ কেজি করে রাসায়নিক সার বিতরণ করা হয়।